নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
নোয়াখালী-৩৮১৪।
Noakhali-3814.

Phone : 880-321-62812 (1451)
Fax : 880-321-62788
Mobile : 880-1733910237
E-mail : education@office.nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

Department of Education
শিক্ষা বিভাগ

# মাস্টার অব এডুকেশন কার্যক্রমে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

৩০ জুন ২০২৫ খ্রিঃ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিজ্ঞান অনুষদের আওতাধীন শিক্ষা বিভাগে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে মাস্টার অব এডুকেশন [Master of Education] এ ভর্তির জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ৩০ জুন ২০২৫ তারিখ হতে ০৮ জুলাই ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফর্ম বিভাগীয় অফিস থেকে সংগ্রহ ও জমা প্রদান করতে হবে। আবেদন ফর্মের মূল্য ১০০০/- (একহাজার) টাকা (অফেরতযোগ্য) মাত্র।

১) **ডিগ্রী:** মাস্টার অব এডুকেশন (Master of Education) সংক্ষেপে এম.এড (M.Ed)

২) **ডিগ্রীর সময়কাল:** থিসিস গ্রুপের এবং নন থিসিস গ্রুপের উভয়ের জন্য ১ বছর

৩) **ভর্তি প্রক্রিয়া:** আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৪) **ভর্তির যোগ্যতা:**

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) [Bachelor of Education (Hons)] শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীধারী হতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বি.এড (সম্মান) পর্যায়ে CGPA 2.50 থাকতে হবে এবং বহিস্থ প্রার্থীদের ক্ষেত্রে বি.এড (সম্মান) পর্যায়ে CGPA 3.00 থাকতে হবে।
- নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স অর্ডিনেন্সের অন্যান্য যোগ্যতার শর্তসমূহ পূরণ করতে হবে।
- বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী/ডিপ্লোমা সনদের সমতায়ন পত্র থাকতে হবে এবং অবশ্যই আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তিকৃত কিনা কিংবা কোন প্রতিষ্ঠানে চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত শিক্ষার্থীদের ভর্তির জন্য বিবেচনা করা হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র অবশ্যই প্রার্থী নিজে কিংবা প্রার্থীর মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বশরীরে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
- নির্ধারিত তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোনপ্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিভাগের যেসমস্ত শিক্ষার্থীর স্পেশাল টার্ম রয়েছে তারাও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে স্পেশাল টার্ম পাশ করলেই তারা ভর্তির যোগ্যতা অর্জন করবে।

৫) **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**

ক. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং সনদপত্রের সত্যায়িত কপি।

খ. ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

গ. ভর্তি ফরম ক্রয়ের রশিদের ফটোকপি।

ঘ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র।

ঙ. চাকুরীরত প্রার্থীকে অবশ্যই নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে শ্রেণিকার্যক্রমে অংশগ্রহণ ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ০২ সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র/প্রত্যয়নপত্র/অফিস আদেশের মূলকপি।

ধন্যবাদান্তে

(স্বাক্ষর) 30.06.25

অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার
চেয়ারম্যান
শিক্ষা বিভাগ ও সভাপতি
মাস্টার অব এডুকেশন ভর্তি কমিটি
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী -৩৮১৪।